

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.৪৬

তারিখ: ১৩ মাঘ ১৪২৬


২৭ জানুয়ারি ২০২০

বিষয়: ঢাকা জেলার ডেমরা কলেজের অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস মোল্লার বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পরও  
কিভাবে দায়িত্ব পালন করছেন এ বিষয়ে ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

ঢাকা জেলার ডেমরা কলেজের অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস মোল্লার অবৈধভাবে দায়িত্ব পালন করছেন মর্মে একই প্রতিষ্ঠানের জনাব  
শংকর চন্দ্র নাথ, সহকারী অধ্যাপক(দর্শন) অভিযোগ দায়ের করেন। তিনি অভিযোগে জানান অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস আলী  
মোল্লা এর বয়স গত ৩১/১২/২০১৯ খ্রি. তারিখে ৬০ বছর পূর্ণ হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো ২০১৮ এর ১১.৬ ধারা  
মোতাবেক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার  
পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোনো অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ  
দেওয়া যাবে না।

শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো ২০১৮ এর ১৮.১ (চ) ধারা মোতাবেক বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলনে অনিয়মের জন্য  
প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

এমতাবস্থায়, অধ্যক্ষের বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পরও কিভাবে দায়িত্ব পালন করছেন এ বিষয়ে কারণ ব্যাখ্যার জন্য নির্দেশক্রমে  
অনুরোধ করা হইল।



২৭-১-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) সভাপতি, গভর্নিং বডি, ডেমরা কলেজ, ঢাকা।
- ২) অধ্যক্ষ, ডেমরা কলেজ, ঢাকা